

# কুবিতে নবীনবরণ বুধবার

কুবি সংবাদদাতা

১৮ নভেম্বর,  
২০২৪ ২০:৫৭

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে নতুন ভর্তিকৃত ২০২৩-২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের বরণ করতে যাচ্ছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

আগামী বুধবার (২০ নভেম্বর) নবীনবরণ অনুষ্ঠিত হবে।

বিশ্ববিদ্যালয়ের ছাত্র পরামর্শক ও নির্দেশনা দপ্তরের পরিচালক ও আয়োজক কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. আব্দুল্লাহ

আল মাহরুব বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, আমরা খুবই আনন্দিত যে, তারা আমাদের পরিবারের সদস্য হিসেবে যুক্ত হয়েছেন।

আগামী ২০ নভেম্বর এক বিশেষ বর্ণাত্য অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। আশা করি, এই আয়োজন নতুনদের জীবনের শুরুতেই আরো বেশি উৎসাহ এবং প্রেরণা জোগাবে।

তিনি আরো জানান, এদিন সকাল ৯ টায় নবীন শিক্ষার্থীদের টি-শার্ট প্রদানপূর্বক সাড়ে ৯ টায় র্যালি অনুষ্ঠিত হবে।  
র্যালি শেষে ৯ টা ৪৫ মিনিটে কেক কাটা এবং ফটো সেশন সম্পন্ন হবে।

এছাড়া ১০ টায় অতিথিরা আসন গ্রহণ করবেন এবং ১০ টা ১৫ মিনিটে জাতীয় সঙ্গীত এরপর পবিত্র ধর্মগ্রন্থ পাঠ শেষে  
অতিথি এবং নবীনদের ফুল দিয়ে বরণ করে নেওয়া হবে।

নবীনবরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন আয়োজক কমিটির আহ্বায়ক ও ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক

মো. আব্দুল্লাহ আল মাহবুব।

এছাড়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে থাকবেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. হায়দার আলী। সম্মানিত  
অতিথি হিসেবে উপস্থিত থাকবেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ  
ইসমাইল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মাসুদা কামাল, কোষাধ্যক্ষ  
অধ্যাপক ড. মোহাম্মদ সোলাইমান এবং প্রষ্ঠর অধ্যাপক ড. মো. আব্দুল হাকিম।